



জনসংযোগ, তথ্য ও প্রকাশনা বিভাগ
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
ওয়েব সাইট: www.brur.ac.bd

Public Relations, Information & Publication
Division
Begum Rokeya University, Rangpur
Email: office.publicrelations@brur.ac.bd

স্মারক: বেরোবি/জতপ্রবি/২০২৫/জানুয়ারি/১২৮৩

তারিখ: ১৬/০১/২০২৫

বেরোবির কেন্দ্রীয় লাইব্রেরিতে শহীদ আবু সাঈদ কর্ণার উদ্বোধন

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুরের সেন্ট্রাল লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সেন্টারে শহীদ আবু সাঈদ কর্ণারের উদ্বোধন করা হয়েছে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে গত বছরের জুলাইয়ে পুলিশের গুলিতে নিহত বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষার্থী শহীদ আবু সাঈদের নামে আজ বৃহস্পতিবার (১৬ জানুয়ারি, ২০২৫) সন্ধ্যায় এই কর্ণারের উদ্বোধন করেন বেরোবি উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলী।

এসময় তাঁর সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ট্রেজারার প্রফেসর এম জাহাঙ্গীর আলম চৌধুরী, ঢাবি বিজনেস স্টাডিজ অনুষদের ডিন প্রফেসর ড. মাহমুদ ওসমান ইমাম, বেরোবি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ মিজানুর রহমান, সেন্ট্রাল লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সেন্টারের গ্রন্থাগারিক ড. মোঃ মনিরুজ্জামান, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোঃ হারুন-অর রশিদ, পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তরের পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) ড. মোঃ তানজিউল ইসলাম, ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মোঃ ইলিয়াছ প্রামানিক প্রমুখ উপস্থিত ছিলেন।

উদ্বোধন কালে বেরোবি উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলী তাঁর বক্তব্যে বলেন, বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরিতে শহীদ আবু সাঈদ কর্ণার সৃষ্টির মাধ্যমে জুলাই বিপ্লবের বীরত্বগাথা ইতিহাস নতুন প্রজন্মের কাছে তুলে ধরার সুযোগ সৃষ্টি হবে। আগামী দিনে লাইব্রেরিতে পড়তে আসা শিক্ষার্থীরা শহীদ আবু সাঈদের অবদান সম্পর্কে আরো ভালোভাবে জানতে পারবে।

এসময় সংক্ষিপ্ত আলোচনায় ঢাবি ট্রেজারার প্রফেসর এম জাহাঙ্গীর আলম চৌধুরী শহীদ আবু সাঈদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, জুলাই বিপ্লবের শহীদ আবু সাঈদের রক্তের বিনিময়ে আমরা নতুন বাংলাদেশ পেয়েছি। বৈষম্যমুক্ত বাংলাদেশ গড়ে তুলতে পারলে আবু সাঈদসহ সকল শহীদের আত্মত্যাগ সার্থক হবে। দেশ ও সমাজের ইতিবাচক পরিবর্তনের মাধ্যমে সামনের দিকে অগ্রসর হওয়ার জন্য সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। সংবাদ বিজ্ঞপ্তি।

মোহাম্মদ আলী
অতিরিক্ত পরিচালক (জনসংযোগ) ও অফিস প্রধান
জনসংযোগ, তথ্য ও প্রকাশনা বিভাগ
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর